NYC COMMUNITY & CITYWIDE EDUCATION COUNCILS

NYC Public Schools | NYC EDUCATION COUNCILS

# প্রার্থীর যোগ্যতা

## কে একটি আসনে প্রতিদ্বন্দ্বিতা করার যোগ্য?

এডুকেশন কাউন্সিলগুলোর সকল নির্বাচিত সদস্যকে অবশ্যই নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ (NYCPS) অর্থায়িত কোনো স্কুল বা প্রোগ্রামের একজন চলমান শিক্ষার্থীর পিতামাতা বা আইনি অভিভাবক হতে হবে। বাড়তি আবশ্যকতাসমূহ কাউন্সিলভেদে ভিন্ন হয়:

- **কমিউনিটি এডুকেশন কাউন্সিল (CEC)**: আপনি যে CEC-তে পরিষেবা দিতে চান, আপনার সন্তানকে অবশ্যই সেই কমিউনিটি স্কুল ডিস্ট্রিক্ট-এর কোনো ডিস্ট্রিক্ট স্কুলের চলমান কোনো প্রি-K থেকে গ্রেড 8-এর শিক্ষার্থী হতে হবে। আপনার সন্তান CEC-এর ভৌগোলিক ডিস্ট্রিক্টের কোনো ডিস্ট্রিক্ট 75 (D75) প্রোগ্রামে গেলে আপনি একটি সংরক্ষিত D75 আসনের জন্যও যোগ্য হবেন।
- **সিটিওয়াইড কাউন্সিল অন হাই স্কুলস্ (CCHS)**: আপনার সন্তানকে অবশ্যই বর্তমানে NYC-তে একটি পাবলিক, নন-চার্টার হাই স্কুলে যেতে হবে। প্রতিটি বরোর একটি আলাদা নির্বাচন হয়; আপনার সন্তানের স্কুলের অবস্থান নির্ধারণ করে আপনি কোন ব্যালটের জন্য যোগ্য।
- **সিটিওয়াইড কাউন্সিল অন ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স (CCELL)**: আপনার অবশ্যই ইংরেজি ভাষা শিক্ষার্থী (ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার, ELL) হিসেবে শ্রেণীভুক্ত কোনো সন্তান থাকতে হবে যে বর্তমানে কোনো NYCPS দ্বৈত ভাষা (ডুয়াল ল্যাঙ্গুয়েজ), উত্তরণশীল দ্বিভাষিক শিক্ষা (ট্র্যাঞ্জিশনাল বাইলিঙ্গুয়াল এডুকেশন), বা নতুন ভাষা হিসেবে ইংরেজি (ইংলিশ অ্যাজ এ নিউ ল্যাঙ্গুয়েজ, ENL) প্রোগ্রামে তালিকাভুক্ত (এনরোল) আছে, অথবা যে গত দুই বছরের মধ্যে এমন একটি প্রোগ্রামে তালিকাভুক্ত (এনরোল) ছিল।
- **সিটিওয়াইড কাউন্সিল অন স্পেশাল এডুকেশন (CCSE)**: আপনার অবশ্যই বর্তমানে একটি ব্যক্তিক শিক্ষা প্রোগ্রাম (ইন্ডিভিজুয়ালাইজড্ এডুকেশন প্রোগ্রাম, IEP) আছে এমন একজন সন্তান থাকতে হবে যে একটি পাবলিক, চার্টার, বা প্রাইভেট স্কুলে NYCPS-অর্থায়িত পরিষেবাসমূহ পাচ্ছে।
- **সিটিওয়াইড কাউন্সিল ফর ডিস্ট্রিক্ট 75 (CCD75)**: আপনার অবশ্যই একটি ডিস্ট্রিক্ট 75 স্কুল বা প্রোগ্রামে তালিকাভুক্ত (এনরোলকৃত) একজন সন্তান থাকতে হবে। আপনার সন্তানের প্রোগ্রাম বাস্তবে যেটাতে অবস্থিত সেই ডিস্ট্রিক্টের CEC পদের জন্য প্রতিদ্বন্দ্বিতা করার জন্যও এটা আপনাকে যোগ্য করে।

## আপনার যোগ্যতা কখন নিরূপিত হয়?

**2025–2027 মেয়াদ**-এর জন্য যোগ্যতা নিরূপিত হয় আপনার আবেদনপত্র জমা দেয়ার তারিখ থেকে।

- **CEC এবং CCHS:** আপনি আপনার দুই-বছরের মেয়াদ সম্পূর্ণ করতে পারেন, এমনকি যদি আপনার সন্তান একটি যোগ্য স্কুলে আর না-ও যায়।
- **CCELL, CCSE, এবং CCD75:** যদি আপনার সন্তান একজন ELL (CCELL) হিসেবে আর যোগ্য না হয়, তার একটি IEP (CCSE) আর না থাকে, অথবা সে একটি D75 স্কুলে (CCD75) আর না যায় তবে আপনার অবশ্যই পদত্যাগ করতে হবে।

## একটি এডুকেশন কাউন্সিল-এ কাজ করার জন্য কে যোগ্য নন?

NYCPS কর্মী, বেশিরভাগ নির্বাচিত পাবলিক কর্মকর্তা, এবং প্যানেল ফর এডুকেশনাল পলিসি-এর সদস্যগণ কাজ করতে পারেন না। এসব শ্রেণীতে পড়লে আপনি একটি আসনে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন কিন্তু আপনার অবশ্যই আপনার বর্তমান ভূমিকা এবং নির্বাচিত হলে একটি কাউন্সিলে কাজ করা, উভয়টির একটি বেছে নিতে হবে। অন্যান্য বাধানিষেধ প্রযোজ্য হতে পারে; চ্যান্সেলরের প্রবিধান D-140-170 দেখুন (**schools.nyc.gov/VolumeD**)।

যোগ্যতার শর্তাবলী সম্পর্কে **আরো তথ্যের জন্য**, অনুগ্রহ করে **schools.nyc.gov/Elections2025** দেখুন। আপনার যদি অতিরিক্ত প্রশ্নাবলী থাকে, তবে অনুগ্রহ করে **Elections2025@schools.nyc.gov** ইমেইল ঠিকানায় যোগাযোগ করুন।

**schools.nyc.gov/Elections2025**

**/nycschools**

T-37736 (Bangla)




NYC Public Schools | NYC EDUCATION COUNCILS

# প্রার্থী যাচাই-তালিকা (চেকলিস্ট)

**জানুয়ারি–ফেব্রুয়ারি 2025**

## আবেদনের সময়

- ☐ **একটি কাউন্সিল আসনের জন্য প্রতিদ্বন্দ্বিতা করতে ও ভোট দিতে আপনার অবশ্যই আপনার নামে আপনার সকল সন্তানকে লিংক করা একটি নিউ ইয়র্ক সিটি স্কুলস্ অ্যাকাউন্ট (NYCSA) থাকতে হবে।** কীভাবে একটি নতুন অ্যাকাউন্টের জন্য সাইন আপ করতে হয় এবং নতুন শিক্ষার্থীদেরকে যোগ করতে হয় তা জানতে, **schools.nyc.gov/NYCSA দেখুন।**
- ☐ **এডুকেশন কাউন্সিলগুলোতে কাজ করা সম্পর্কে আরো জানুন:** একজন সদস্য হতে কী প্রয়োজন সে সম্পর্কে আরো জানতে একটি স্থানীয় কাউন্সিল মিটিংয়ে যোগ দিন, বর্তমান সদস্যদের সাথে কথা বলুন, এবং কমিউনিটি অ্যান্ড সিটিওয়াইড এডুকেশন কাউন্সিল ইলেকশনস্ গাইড (কমিউনিটি এবং সিটিব্যাপী এডুকেশন কাউন্সিলের নির্বাচনের নির্দেশিকা) পর্যালোচনা করুন।
- ☐ **আপনি যে কাউন্সিলের জন্য প্রতিদ্বন্দ্বিতা করতে চান সেটার জন্য আপনার যোগ্যতা নিরূপণ করুন:** এডুকেশন কাউন্সিলগুলোর সকল নির্বাচিত সদস্যকে অবশ্যই NYCPS অর্থায়িত একটি স্কুল বা প্রোগ্রামের বর্তমান কোনো শিক্ষার্থীর পিতামাতা বা আইনি অভিভাবক হতে হবে। কাউন্সিলগুলোর প্রতিটির সুনির্দিষ্ট শর্তাবলীর জন্য প্রার্থীর যোগ্যতার নির্দেশিকাটি পড়ুন। আপনি আপনার আবেদন শুরু করার পর, আপনি যেগুলোতে যোগ্য NYCSA স্বয়ংক্রিয়ভাবে সেই কাউন্সিলগুলো নিরূপণ করবে।
- ☐ **একটি সংক্ষিপ্ত প্রার্থীর বিবৃতির খসড়া করুন:** ব্যক্তিগত বিবৃতিসমূহ আবশ্যক নয়, তবে জোরালোভাবে উৎসাহিত করা হয়। বিবৃতিগুলো ভোটারদের জন্য প্রকাশ করা হবে এবং এগুলো তাদের সাথে সংযুক্ত হওয়ার জন্য একটি চমৎকার উপায়!
- ☐ **আপনার আবেদনের ফর্ম জমা দিন:** শুধু আবেদনপত্রটি 5–10 মিনিটেই সম্পূর্ণ করা যাবে।

**ফেব্রুয়ারি–এপ্রিল 2025**

## ক্যান্ডিডেট (প্রার্থী) ফোরাম এবং প্রচারাভিযান

আপনার কেন নির্বাচিত হওয়া উচিত সে সম্পর্কে আপনার কমিউনিটির সাথে কথা বলুন। প্রার্থীরা এসব করতে পারেন:

- ☐ আপনি যে কাউন্সিল(গুলো)-এর জন্য প্রতিদ্বন্দ্বিতা করছেন তার জন্য ভার্চুয়াল ক্যান্ডিডেট (প্রার্থী) ফোরামে অংশগ্রহণ করা—এগুলোই একমাত্র NYCPS-সমর্থিত প্রচারানুষ্ঠান।
- ☐ ই-মেইল বিতরণ তালিকা, সোশ্যাল মিডিয়া (সামাজিক যোগাযোগ মাধ্যম), ডাকযোগে চিঠি, ব্লগ, অথবা ওয়েবসাইটসমূহের মাধ্যমে সম্ভাব্য ভোটারদের সাথে যোগাযোগ করা।
- ☐ অপ-এড বা আর্টিকেল লেখা যা শিক্ষা সম্পর্কিত বিষয়সমূহে আপনার মতামত প্রসারে সাহায্য করে।
- ☐ পরিবার এবং বন্ধু-বান্ধবকে আপনার প্রচারাভিযানের প্রসার করার জন্য সাহায্য করতে স্বেচ্ছাসেবক হিসেবে এগিয়ে আসতে দেয়া।
- ☐ আপনার মহল্লায় উন্মুক্ত স্থানগুলোতে প্রচারপত্র এবং প্রচারাভিযানের উপকরণসমূহ বিতরণ করা।

নিশ্চিত করুন যেন আপনি গাইডলাইন (নির্দেশনা) সমূহ মেনে চলেন যার মধ্যে রয়েছে:

- NYCPS-এর সম্পত্তিতে কোনো প্রচারাভিযান বা বিজ্ঞাপনের অনুমতি নেই।
- NYCPS-এর কর্মীদের প্রচারাভিযানে সহায়তা করার অনুমতি নেই।
- প্রার্থীরা রাজনৈতিক অনুমোদন বা দান গ্রহণ করবেন না।

আপনার প্রচারাভিযানে আপনি যে অর্থ ব্যয় করেন তার একটি রেকর্ড (যেমন, রসিদ (রিসিট) অথবা ইনভয়েস) রাখতে মনে রাখুন। প্রার্থীরা $500-এর চেয়ে বেশি ব্যয় করতে পারবেন না।

---

## ভবিষ্যতের দিকে তাকানো: ভোট দেয়া এবং নির্বাচনের ফলাফল

পিতামাতারা 13 মে, 2025-এর মধ্যে 357টি কাউন্সিল সদস্যদের আসনের সবগুলোর জন্য ভোট দেবেন। ফলাফল ঘোষণা করা হবে জুনে। নির্বাচিত সদস্যগণ 1 জুলাই, 2025 থেকে 30 জুন, 2027 পর্যন্ত দুই-বছরের মেয়াদে কাজ করবেন।

**schools.nyc.gov/Elections2025**

/nycschools

একটি আসনের জন্য প্রতিদ্বন্দ্বিতা করা সম্পর্কে **আরো তথ্যের জন্য schools.nyc.gov/Elections2025** দেখুন।